



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং- ১২.২০৫.০৩২.০৪.০১.০৫৮.২০১৩- ৭৫৮

তারিখ: ০৪ ভাদ্র, ১৪২৫  
২২ আগস্ট, ২০১৮

### অফিস আদেশ

সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণকে অফিসে যাতায়াতের জন্য যানবাহনের নতুন রুট তৈরি ও উক্ত রুটসমূহের দূরত্ব/মাইলেজ নির্ধারণ এবং উক্ত রুটসমূহে চলাচলকারী যানবাহন (প্রযোজ্য ক্ষেত্রে) পরিদর্শনের লক্ষ্যে নিম্নলিখিত কর্মকর্তাগণের সমন্বয়ে সংস্থার সদর দপ্তর এবং মাঠ পর্যায়ের জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করা হলো:

#### ক) সদর দপ্তরের জন্য কমিটিঃ

ক্রঃ নং	পদবি ও ঠিকানা	কমিটিতে পদবি
১.	যুগ্মপ্রধান, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা	আহ্বায়ক
২.	ব্যবস্থাপক (রাজস্ব), অর্থ বিভাগ, বিএডিসি, ঢাকা	সদস্য
৩.	উপসচিব (সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা	সদস্য
৪.	সহকারী প্রধান প্রকৌশলী (পরিদর্শন)/সহকারী প্রকৌশলী (পরিদর্শন), ক্রয় বিভাগ, বিএডিসি, ঢাকা	সদস্য
৫.	সহকারী প্রকৌশলী (যানবাহন), সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি, ঢাকা	সদস্য
৬.	প্রস্তাব পেশকারী/ফরমায়েশকারী বিএডিসি'র কর্মকর্তা (৯ম গ্রেডের নীচে নয়)	সদস্য

#### খ) জেলা/মাঠ পর্যায়ের দপ্তরের জন্য কমিটিঃ

ক্রঃ নং	পদবি ও ঠিকানা	কমিটিতে পদবি
১.	সংশ্লিষ্ট জেলা পর্যায়ে বিএডিসি'র জ্যেষ্ঠ কর্মকর্তা	আহ্বায়ক
২.	সংশ্লিষ্ট জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ বিআরটিএ/ এলজিডি'র প্রতিনিধি (৯ম গ্রেডের নীচে নয়)	সদস্য
৩.	সংশ্লিষ্ট অধিক্ষেত্রে নির্বাহী প্রকৌশলী, বিএডিসি	সদস্য
৪.	সংশ্লিষ্ট জেলার উপপরিচালক (বীবি), বিএডিসি	সদস্য
৫.	সংশ্লিষ্ট জেলার আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি	সদস্য
৬.	প্রস্তাব পেশকারী/ফরমায়েশকারী কর্মকর্তা (৯ম গ্রেডের নীচে নয়), বিএডিসি	সদস্য

#### ০২। কমিটি'র কার্যপরিধি:

ক) সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের আসা-যাওয়ার জন্য যানবাহনসমূহের নতুন রুট তৈরি ও উক্ত রুটসমূহের দূরত্ব/মাইলেজ নির্ধারণ এবং রুটসমূহে চলাচলকারী যানবাহন প্রযোজ্য ক্ষেত্রে পরিদর্শন করবেন।

খ) সংস্থার উপকরণ (সার, বীজ) ও অন্যান্য মালামালসমূহ পরিবহনের জন্য যানবাহনসমূহের দূরত্ব/মাইলেজ নির্ধারণ এবং রুটসমূহে চলাচলকারী যানবাহন প্রযোজ্য ক্ষেত্রে পরিদর্শন করবেন।

গ) রুটে চলাচলকারী যানবাহনের ধরণ পরিবর্তন হলে রুটসমূহের দূরত্ব/মাইলেজ পুনঃনির্ধারণ করবেন।

ঘ) সরকারী যানবাহনের জালানীর ব্যবহার সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

ঙ) “দূরত্ব/মাইলেজ নির্ধারণ কমিটি” প্রয়োজনে সরেজমিন পরিদর্শনপূর্বক উপস্থাপিত তথ্যাদি যথাসম্ভব যাচাই করে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

০৩। উভয় কমিটির ৬নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তা সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

০৪। সদর দপ্তরের ক্ষেত্রে কমপক্ষে ০৪ (চার) জন সদস্যের উপস্থিতি এবং মাঠ পর্যায়ের ক্ষেত্রে ন্যূনতম একজন বহি সদস্যসহ কমপক্ষে ০৪ (চার) জন সদস্যের উপস্থিতি নিশ্চিত করে সভা অনুষ্ঠান করতে হবে।

০৫। জনস্বার্থে আদিষ্ট হয়ে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(তুলসী রঞ্জন সাহা)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৪৩৫৯

ই-মেইলঃ secretary@badc.gov.bd

স্মারক নং- ১২.২০৫.০৩২.০৪.০১.০৫৮.২০১৩- ৭০৮


তারিখ: ০৪ ভাদ্র, ১৪২৫  
১২ আগস্ট, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ....

(সকল বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালক/কমিটির সদস্যবৃন্দ)

২. উপপ্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা (সংস্থার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৪. সদস্য পরিচালক (বীওউ/ সার ব্যবঃ/ অর্থ/ ক্ষুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৫. অফিস কপি/মাষ্টার ফাইল।

  
১২/০৮/২০১৮

(মোঃ হাবিবুর রহমান)

উপসচিব (অ: দা:)

সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ

বিএডিসি, ঢাকা।